

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-৪৮৮

তারিখ: ০৪ বৈশাখ ১৪৩১  
১৭ এপ্রিল ২০২৪


প্রজ্ঞাপন

পাবনা জেলার ভাঙ্গুড়া পৌরসভার মেয়র জনাব মোঃ গোলাম হাসনাইন স্বেচ্ছায় পদত্যাগ করায় সরকার তথা স্থানীয় সরকার বিভাগ কর্তৃক স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(গ) অনুযায়ী পাবনা জেলার ভাঙ্গুড়া পৌরসভার মেয়র এর পদ ১৭ এপ্রিল ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-৪৮৮নং প্রজ্ঞাপনমূলে শূন্য ঘোষণা করা হয়।

২। এমতাবস্থায়, পাবনা জেলার ভাঙ্গুড়া পৌরসভার নুতন মেয়রের কার্যভার গ্রহণ না করা পর্যন্ত স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৪০(৩) অনুযায়ী উক্ত পৌরসভার প্যানেল মেয়র-১-কে উক্ত পৌরসভার প্রশাসনিক ও আর্থিক ক্ষমতাসহ মেয়র এর দায়িত্ব অর্পণ করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



১০৪/২০২৪

মোঃ আব্দুর রহমান

উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২


ইমেইল: [lgpaura1@lgd.gov.bd](mailto:lgpaura1@lgd.gov.bd)

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-৪৮৮/১(১০)

তারিখ: ০৪ বৈশাখ ১৪৩১  
১৭ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. জেলা প্রশাসক, পাবনা
৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা  
(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. প্যানেল মেয়র-১, ভাঙ্গুড়া পৌরসভা, পাবনা
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১০. অফিস কপি



১০৪/২০২৪

মোঃ আব্দুর রহমান

উপসচিব